গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ

চাটখিল, নোয়াখালী।

ওয়েব সাইটঃ www.cpmgc.edu.bd
Email: chatkhilcollege2023@gmail.com ফোনঃ০৩২২২৭৫০০২

তারিখ: ০৯/০৪/২০২৫ খ্রি.

জরুরী সতর্কীকরণ বিজ্ঞপ্তি:

এ কলেজে অধ্যয়নরত একাদশ/দ্বাদশ/স্নাতক (পাস) শ্রেণির ছাত্র/ছাত্রীদের সতর্কতার জন্য জানানো যাচ্ছে, তালিকাভূক্ত শিক্ষার্থীদের প্রায় ৭০% কোনরূপ কারন ছাড়াই কলেজে আসে না। যারা আসে তারাও ঠিকমত ক্লাসে উপস্থিত থাকে না। অনুপস্থিত শিক্ষার্থীদের অধিকাংশই কলেজের নাম করে বাড়ি থেকে বের হয় কিন্তু মাঝপথে অন্যত্র চলে যায়। এদের উল্লেখযোগ্য সংখ্যককে হালিমা দিঘীর পাড় হতে কলেজ যাওয়ার রাস্তায়, কলেজের মাঠে, দোকানপাটে কিংবা অভ্যন্তরীণ গ্রামীণ রাস্তায় দলবদ্ধ হয়ে আড্ডা দিতে দেখা যায়। ফলে তারা বিভিন্ন ধরনের অনৈতিক কর্মকান্ডে জড়িয়ে পড়ছে যাতে কলেজের সুনাম ক্ষুন্ন হচ্ছে। বিষয়টি গভীর উদ্বেগের।

এমতাবস্থায়, সকল ছাত্র/ছাত্রীকে বাধ্যতামূলকভাবে নিয়মিত শ্রেণি কার্যক্রমে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। এ বিষয়ে অভিভাবকবৃন্দকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

শিক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে:

০১। যে সকল ছাত্র/ছাত্রী ক্লাসের উপস্থিতি বোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী সন্তোষজনক হবে না, তাদেরকে বার্ষিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
০২। যে সকল ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করবে না তাদেরকে পরবর্তী শ্রেনিতে উত্তীর্ণ করা হবে না।
০৩। যে সকল ছাত্র/ছাত্রী পরীক্ষায় ফেল করবে তাদেরকেও পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করা হবে না।
০৪। যে কোন ধরনের মানবিক বিবেচনার ক্ষেত্রে উপযুক্ত সাক্ষ্য প্রমাণ, ক্লাসে নিয়মিত উপস্থিতি ও সন্তোষজনক আচরণ যাচাই করা হবে।
০৫। সন্তোষজনক উপস্থিতি না হলে উপবৃত্তি প্রাপ্তির জন্য বিবেচিত হবে না ।

৯/৪/২০২৫
অধ্যক্ষ
চাটখিল পাঁচগাঁও মাহবুব সরকারি কলেজ
চাটখিল, নোয়াখালী ।